দ্বিজেন্দ্রলাল কলেজ

কৃষ্ণনগর, নদীয়া

বিজ্ঞপ্তি

দিনাঙ্ক- ১৯/৯/২০২০

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ১৮/৯/২০২০ তারিখে পার্ট থ্রি পরীক্ষা-সংক্রান্ত যে বিজ্ঞপ্তিটি প্রকাশ করেছে, তার পরিপ্রেক্ষিতে দ্বিজেন্দ্রলাল কলেজের সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের অবগতি-অর্থে বিজ্ঞাপিত করা হচ্ছে-

১। ছাত্র-ছাত্রী, যাদের Registration এবং Roll Number-সহ **Admit Card** কিছুদিনের মধ্যে কলেজ থেকে প্রদান করা হবে, তারা সূচী অনুসারে **বাড়িতে বসে** পরীক্ষা দিতে পারবে। **১লা অক্টোবর, ২০২০ থেকে পরীক্ষা শুরু হবে,** যার সূচী বিশ্ববিদ্যালয় এবং কলেজের ওয়েবসাইট থেকে দেখা যাবে।

২। ছাত্র-ছাত্রীরা তাদের জন্য নির্ধারিত প্রশ্নপত্র বিশ্ববিদ্যালয় এবং কলেজের ওয়েবসাইট থেকে সূচী অনুসারে নির্ধারিত দিনে সংশ্লিষ্ট পরীক্ষা শুরুর এক **[১] ঘন্টা পূর্বে** প্রাপ্ত করতে পারবে।

৩। পরীক্ষার প্রশ্নের উত্তর লিখবার জন্য **A4 সাইজের কাগজ** ব্যবহার করতে হবে এবং এই পত্রের **এক একটি দিকেই** উত্তর লেখা যাবে। লিখিত পত্রগুলিতে **ক্রমিক সংখ্যার** [যেমন ১,২,৩ ইত্যাদি] উল্লেখ করতে হবে। উত্তরপত্রের প্রত্যেকটি পত্রে আবশ্যিকভাবে **Registration Number, Roll Number, Subject, Paper** –এর স্পষ্ট ও নির্ভুলভাবে উল্লেখ থাকতে হবে।

৪। পরীক্ষা শেষের নির্ধারিত সময়ের **দুই [২] ঘণ্টার মধ্যে** স্বলিখিত উত্তরপত্র **scan করে E-mail অথবা WhatsApp Number [কলেজকর্তৃক বিভাগকেন্দ্রিক ও বিষয়ভিত্তিক E-Mail Address ও WhatsApp Number]** –এর মাধ্যমে সংশ্লিষ্ট ছাত্রছাত্রীকেই প্রেরণ করতে হবে।

৫। যে সব ছাত্রছাত্রীরা আন্তর্জালিক ব্যবস্থার অপ্রাপ্যতার কারণে Online Submission করতে সক্ষম হবে না, তাদেরকে সংশ্লিষ্ট পরীক্ষা সমাপ্ত হওয়ার অব্যবহিত পরেই বিষয়টিকে **মাননীয় অধ্যক্ষের দৃষ্টিগোচরে আনতে হবে।** তারপর অধ্যক্ষের নির্দেশ অনুসারে উত্তরপত্র জমা করার বিষয়টি অগ্রসর করাতে পারবে। অধ্যক্ষের নিকট থেকে নির্দেশ পাওয়ার পর তারা মুখ বন্ধ খামে

তাদের নিজস্ব উত্তরপত্র পূর্ণ করে খামের উপর **Name, Registration Number, Roll Number, Subject** এবং **Paper** স্পষ্ট, নির্ভুল ও যথাযথভাবে উল্লেখপূর্বক কলেজ-অফিসে জমা করতে পারবে। তবে, অবশ্যই মনে রাখতে হবে, **বিশেষ জরুরি পরিস্থিতি** অথবা **অপ্রতিরোধ্য কারণ-প্রদর্শন** ছাড়া এই কোনোভাবে পদ্ধতির প্রয়োগ করা যাবে না। বর্তমান অতিমারী পরিবেশে বিশ্ববিদ্যালয়প্রদত্ত নিয়মানুসারে ছাত্রছাত্রীদের সামাজিক দূরত্ববিধি পালনপূর্বক **যথাসাধ্য Online Submission প্রক্রিয়া গ্রহণ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।**

৬। বিশ্ববিদ্যালয়কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র জমা না দিলে বা Upload না করলে **পরে তা আর কোনভাবে গ্রাহ্য করা হবে না।**

৭। ব্যবহারিক বিষয়গুলি [Practical or Lab-based Subject] –র ক্ষেত্রেও উপরোক্ত একই নিয়মগুলি প্রযোজ্য।

- **বিশেষ জ্ঞাতব্য ১-** বিশেষ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এ Offline এ কলেজে এসে উত্তরপত্র জমা করা গেলেও, বর্তমান পরিবেশের নিরিখে এবং বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি-অনুসারে ছাত্রছাত্রীদের পরীক্ষাসংক্রান্ত যাবতীয় প্রয়োজনীয় কার্যাবলী Online প্রক্রিয়ায় সম্পন্ন করতে নির্দেশ দেওয়া হচ্ছে।
- **বিশেষ জ্ঞাতব্য ২-** সংশ্লিষ্ট উত্তরপত্রগুলি কলেজকর্তৃক নির্দিষ্ট এবং প্রদত্ত সংশ্লিষ্ট এবং বিভাগীয় বিষয়গত নির্দিষ্ট E-mail Address অথবা বিভাগীয় WhatsApp Number–এই কেবল প্রেরণ করতে হবে।

অধ্যক্ষ

দিনাঙ্ক- ১৯/৯/২০২০

দ্বিজেন্দ্রলাল কলেজ
কৃষ্ণনগর, নদীয়া

Principal
Dwijendralal College
Krishnagar, Nadia